মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা রমজান আলীর দাফন

মেহেরপুরের মুজিবনগরে রাষ্ট্রীয় মর্যাদায় বীর মুক্তিযোদ্ধা রমজান আলী বিশ্বাসের দাফন সম্পন্ন হয়েছে। গতকাল রবিবার সন্ধ্যা ৬টার দিকে গোপাল নগর কবস্থানের সামনে তাঁকে গার্ড অব অনার প্রদান করা হয়।
এর আগে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার রাষ্ট্রের পক্ষে সালাম গ্রহণ করেন।
এ সময় মুজিবনগর থানা অফিসার ইনচার্জ এর পক্ষে এস আই আব্দুল আলিম, বীর মুক্তিযোদ্ধা আহসান আলী খাঁন, লুৎফর রহমান, হারুন অর রশিদ, মতিয়ার রহমান, ইসমাইল হোসেন, হাইবতুল্লাহ উপস্থিত ছিলেন।
গার্ড অব অনারের সময় উপস্থিত সকলে মৃত বীর মুক্তিযোদ্ধা রমজান আলী বিশ্বাসের মরদেহ জতীয় পতাকা দিয়ে আচ্ছাদন করে সন্মান প্রদর্শন করেন।
পরে মুজিবনগর থানার এসআই আব্দুল আলিমের নেতৃত্বে পুলিশের একটি চৌকশ দল রাষ্ট্রীয় মর্যাদায় গার্ড অব অনার প্রদান করেন।
গার্ড অব অনার শেষে গোপালনগর কবস্থানে তার লাশ দাফন করা হয়। উল্লেখ্য, মুজিবনগর উপজেলার বীর মুক্তিযোদ্ধা রমজান আলী বিশ্বাস
(৯০) দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন। গতকাল রবিবার বিকালে বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে ইন্তেকাল করেন। বীর মুক্তিযোদ্ধা রমজান আলী বিশ্বাস মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের গোপালনগর গ্রামের মৃত লোকমান আলীর ছেলে। মৃত্যুকালে তিনি স্ত্রী, ১ পুত্র ও ৫ কন্যা সন্তানসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছেন।

বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-পার্থী শাহীন উদ্দীন শাহীন এর নির্বাচনী কর্মীসভা

আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ও মুজিবনগর উপজেলার ৩ নং বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদ-প্রার্থী মেহেরপুর জেলা পরিষদের সদস্য এবং বাগোয়ান ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক শাহীন উদ্দীন শাহীনের সমর্থনে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামে নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে।
গতকাল শুক্রবার বিকেলে মুজিবনগরের আনন্দবাস গ্রামের ৭,৮,৯ ওয়ার্ডবাসির আয়োজনে এ নির্বাচনী কর্মীসভা অনুষ্ঠিত হয়। নির্বাচনী কর্মীসভায় বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক রুহুল আমিন এর সভাপতিত্বে, কর্মীসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের সদস্য ও আসন্ন বাগোয়ান ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদ-প্রার্থী শাহীন উদ্দীন শাহীন। কর্মীসভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগের বিভিন্ন অংগসংগঠনের নেতাকর্মীবৃন্দ।
নির্বাচনী কর্মীসভায় আগামী নির্বাচনে শাহীন উদ্দীন শাহীনকে বাগোয়ান ইউনিয়নের নৌকার পার্থী হিসেবে আওয়ামী লীগের মনোনয়ন দিয়ে চেয়ারম্যান নির্বাচিত করতে আনন্দবাস গ্রামের ৭,৮,৯ নং ওয়ার্ডের সর্বস্তরের জনসাধারণ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এর কাছে দাবি জানান।

মুজিবনগরে ভৈরব নদীতে নিষিদ্ধ

গিটি জাল আটক ভ্রাম্যমাণ আদালত পরিচালনা

মেহেরপুরের মুজিবনগরে ভৈরব নদীতে ১৫০০ বর্গ মিটার মাছ ধরার নতুন পদ্ধতি দোয়াড়ি আকৃতির চায়না গিটি জাল আটক করে মুজিবনগর উপজেলা মৎস অফিস।

আজ সোমবার সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলার দারিয়াপুর দক্ষিণ পাড়া মসজিদের সামনে ভৈরব নদীতে পাতা অবস্থায় এ সমস্ত জাল আটক করা হয়।

মুজিবনগর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, উপজেলা মৎস্য অফিসের লিফ জিয়াউর রহমান ও আনিছুর রহমানের তথ্যের ভিত্তিতে উপজেলা মৎস্য অফিসের ক্ষেত্র সহকারি আহসান হাবিব সহ উপজেলা মৎস্য বিভাগ ভৈরব নদীতে অভিযান পরিচালনা করে এ সমস্ত নিষিদ্ধ জাল পানির নিচে পাতা অবস্থায় স্থানীয়দের সহযোগীতায় উদ্ধার করা হয় কিন্তু জালের মালিককে খুজে পাওয়া যায়নি উদ্ধার কৃত জালের মূল্য প্রায় ৪০ হাজার টাকা।

পরে সেখানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত নির্বাহী ম্যাজিস্ট্রেট ও মুজিবনগর উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম জানান, মৎস্য সংরক্ষন আইন ১৯৫০ এর ধারা অনুযায়ী নিষিদ্ধ উদ্ধার কৃত ১৫০০ বর্গমিটার জাল জন সম্মুখে পুড়িয়ে বিনিষ্ট করা হয়।

এ সময় ভ্রাম্যমাণ আদালতকে সহযোগীতা করেন মুজিবনগর থানার সেকেন্ড অফিসার এস আই মোমিনুর রহমান ও সঙ্গীও ফোর্স।

মুজিবনগরে মাতৃভাষা দিবস

উপলক্ষে স্বেচ্ছাসেবক লীগের শ্রদ্ধাঞ্জলী প্রদান

২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে মুজিবনগরে শ্রদ্ধাঞ্জলী প্রদান করেছেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগ।

রবিবার ২১ এর প্রথম প্রহরে মুজিবনগর উপজেলা পরিষদ শহীদ বেদিতে পুষ্পমাল্য অর্পন করা হয়।

উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সহসভাপতি মতিউর রহমান মতিন ও সাধারন সম্পাদক আরিফ শাহ্’র নেতৃত্বে পুষ্পমাল্য অর্পনের সময় উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক যুগ্ম আহব্বায়ক সাইদুর রহমান, রিপন আলী, আল মামুন, বাগোয়ান ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ওমর ফারুক,

সাংগঠনিক সম্পাদক জহির আলী, দারিয়াপুর ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি শাহাজান সিরাজ দোলন, মোনাখালী ইউনিয়ন স্বেচ্ছাসেবক লীগের সভাপতি হাবিবুর রহমান, সাধারণ সম্পাদক আবু নাঈম ডালিম,স্বেচ্ছাসেবক লীগ নেতা ওয়াসিমসহ ইউনিয়ন ও ওয়ার্ডের নেতাকর্মীরা।

মুজিবনগরে বৈদ্যুতিক শকে রাজমিস্ত্রি নিহত

মেহেরপুরের মুজিবনগরে বৈদ্যুতিক শকে শাহিন (১৯) নামে এক রাজমিস্ত্রীর যোগালে নিহত হয়েছে।

স্থানীয় সূত্রে জানা গেছে আন্দবাস মন্ডলপাড়ার রসূল মল্লিক এর ছেলে শাহিন রাজমিস্ত্রীর যোগালে হিসেবে কাজ করত। ঘটনার দিন সে আনন্দবাস কাল্টাপাড়ার মৃত আকমান কয়ালের ছেলে বগা কয়ালের বাড়ি কাজে যায়।

বিকালের দিকে ঘরের জল ছাদের ঢালায় এর কাজ করছিল। বিদুৎ এর তারে কাভার দেওয়া থাকার কারণে ভুল বসত তারে হাত দিয়ে কাজ করছিল এ সময় সে বিদুৎস্পৃষ্ট হয়ে লুটিয়ে পড়ে। তাকে উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

রসূল মল্লিকের দুই ছেলে এক মেয়ে। বড় ছেলে সালাম ১০ বছর আগে রোড একসিডেন্ট এ মারা যায়। শাহিন ছিল তার একমাত্র ছেলে। তার অকাল মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। এক মাত্র ছেলেকে হারিয়ে পাগল প্রায় রসৃল ও তার স্ত্রী।

মুজিবনগর পরিদর্শনে এসেছেন দু- জন বিচারপ্রতি

মুজিবনগর পরিদর্শনে এসেছেন ঢাকা সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ ও আপিল বিভাগের দু-জন বিচারপ্রতি।

শনিবার দুপুরে তিনারা মুজিবনগর কমপ্লেক্সে পৌঁছালে প্রশাসনের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।

পরে ঢাকা সুপ্রিম কোর্ট হাইকোর্ট বিভাগের বিচারপ্রতি খাইরুল আলম ও ঢাকা সুপ্রিম কোর্ট আপিল বিভাগের বিচারপ্রতি মির্জা হোসেইন হায়দার পৃথকভাবে মুজিবনগর সৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করেন।

এ সময় স্থানীয় সরকারের উপরিচালক মৃধা মুজাহিদুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ আব্দুল আশেম উপস্থিত ছিলেন।

পু্ষ্পমাল্য অর্পন শেষে বিচারপ্রতি মুজিবনগর ঘুরে দেখেন।

স্বাধীনতা বিরোধীরাই আল-জাজিরার প্রতিবেদনের সাথে জড়িত

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন বলেছেন, বাংলাদেশ দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। করোনা মোকাবেলায় বিশে^র মধ্যে অন্যতম। বিশে^র প্রবৃদ্ধি অর্জনকারী ৫টি দেশের মধ্যে একটি। এমন অবস্থায় যারা দেশের ভালো চাই না, যারা স্বাধীনতা বিরোধী, তারাই আল-জাজিরার এই মিথ্যা প্রতিবেদনের সাথে জড়িত।

রবিবার দুপুরে মেহেরপুরের মুজিবনগর উপজেলার গৌরিনগর খাল খনন কাজ পরিদর্শনকালে সাংবাদিকদের এক প্রশ্নের তিনি এসকল কথা বলেন।

প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিচক্ষণ নেতৃত্বে বাংলাদেশ যে গতিতে উন্নয়নের দিকে যাচ্ছে সেটিকে বাধাগ্রস্থ করার জন্য বিশে^র কাছে বাংলাদেশের ইমেজ নষ্ট করার জন্য ষড়যন্ত্র করে মিথ্যা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

তিনি আরও বলেন, স্বাধীনতা বিরোধীরা ব্যর্থ চেষ্টা করছে দেশকে পিছিয়ে দেওয়ার জন্য। আমাদের বিরুদ্ধে বিভিন্ন সময় বিভিন্ন ষড়যন্ত্র হয়েছে, ১৯৭১ সালেও ষড়যন্ত্র হয়েছে, এখনো হচ্ছে। বাংলাদেশের মানুষ জানে কারা এই ষড়যন্ত্র করছে। জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালি করে এইসব ষড়যন্ত্র মোকাবেলা করে আমাদের এগিয়ে যেতে হবে।

গৌরিনগর খাল প্রসঙ্গে তিনি বলেন, বন্যার সময় এই এলাকা জলাবদ্ধ হয়ে যেতো। বিশাল এই এলাকায় আবাদী জমির পরিমানও অনেক। দীর্ঘদিন ধরে এই এলাকার জমিতে বছরে একবার ফসল ফলানো যেতো। খালের পুন:খনন কাজ সম্পন্ন হলে এই এলাকার জমিতে সারা বছরই ফসল ফলানো যাবে। ফলে মেহেরপুরসহ সারা দেশের কৃষি উৎপাদনে বড় ভূমিকা রাখবে। পরে তিনি উপজেলার ভৈরব নদের উপর নির্মিত বাগোয়ান-রশিকপুর বিজ্রের উদ্বোধন করেন।

পৃথক এ কর্মসূচীতে উপস্থিত ছিলেন, জেলা প্রশাসক ড. মোহাম্মদ

মুনসুর আলম খান, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, মেহেরপুর জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহিন, সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব আলী, মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, মুজিবনগর থানার ওসি আব্দুল হাসেম, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনসহ স্থানীয় নেতা কর্মীরা।

বাংলাদেশ আওয়ামী যুব প্রজন্মলীগের মুজিবনগর উপজেলা কমিটি গঠন

“বঙ্গবন্ধুর আদর্শ ও মুক্তিযুদ্ধের চেতনা শেখ হাসিনার নেতৃত্ব সততা ও শক্তি একতাই বল” এই শ্লোগানকে সামনে রেখে বাংলাদেশ আওয়ামী যুব প্রজন্মলীগের মুজিবনগর উপজেলা কমিটি গঠিত হয়েছে।

গতকাল শুক্রবার জেলা কমিটির সভাপতি তারিফুল ইসলাম ও সাধারণ সম্পাদক জাহিদ হাসান স্বাক্ষরিত এই কমিটির অনুমোদন দেওয়া হয়। শহরের কোর্ট সড়কে মেহেরপুর জেলা যুব প্রজন্ম লীগের অফিস কার্যালয়ে জেলা যুব প্রজন্মলীগের সভাপতি তারিফুল ইসলাম ও সাধারণ সম্পাদক জাহিদ হাসান এ কমিটির অনুমোদন দেন।

মুজিবনগর উপজেলা প্রজন্মলীগের সভাপতি মার্টিন রতন মন্ডল ও মুর্শিদ আলম লিপুকে সাধারণ সম্পাদক করে ২১ সদস্যের এই কমিটির অনুমোদন দেয়া হয়।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন সহ-সভাপতি জাহিদুর রহমান, মৌসুমী আক্তার শ্যামলী, দেবাস্তিন মন্ডল, শাকিল রেজা, যুগ্ম-সাধারণ সম্পাদক পদে সমুয়েল মল্লিক, প্রসেনজিৎ মন্ডল, আরোজ খাঁ, শেফালী মল্লিক, মোস্তাফিজুর রহমান, সাংগঠনিক সম্পাদক পদে সুজন মিয়া, সোহেল সরদার, ইমরান মোল্লা, মিঠন আলী, মিলন হোসেন, পাপ্পু মন্ডল, জাব্বারুল ইসলাম, আশরাফুল আলম ও মহিলা বিষয়ক সম্পাদিকা

পদে লাভলি খাতুন। আগামী ১ বছরের জন্য এই কমিটিকে অনুমোদন দেওয়া হয়।

মেহেরপুরে শ্রী শ্রী রটন্তী কালী পূজার উদ্ভোধন

শীতের আগমণে প্রকৃতি শান্ত সাজে সজ্জিত। এমনই এক স্নিগ্ধি পরিবেশে ৫ দিন ব্যাপী দ্বিতীয়বারের মত প্রতিমা স্থাপন, পূজা, প্রসাদ বিতরণ, ঢাক, ঢোল,প্রদিপ জালিয়েও নানান আয়োজনে আমঝুপি শ্মশানঘাট মন্দিরে অনুষ্ঠিত হয়েছে শ্রী শ্রী রটন্তী কালী পূজা।

গতকাল বুধবার সন্ধ্যায় মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে শ্রী শ্রী রাধা মধাব মন্দির হতে শ্মশানঘাট পর্যন্ত শোভাযাত্রার মাধ্যমে শ্রী শ্রী তারকব্রক্ষ মহানাম যজ্ঞানুষ্টানের উদ্বোধন করা হয়।

এ সময় অনিল গোঁসাই এর সভাপতিত্বে অনুষ্ঠানে মেহেরপুর জেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি ও পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মঙ্গল প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের উদ্বোধন ঘোষণা করেন।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান,বাড়িবাঁকা মাধ্যমিক বালিকা বিদ্যালয় প্রধান শিক্ষক শাশ্বত নিপ্পন চক্রবর্তী,আমঝুপি শ্মশানঘাট পূজা কমিটির সাধারণ সম্পাদক উত্তম কুমার সহ গ্রামবাসীরা উপস্থিত ছিলেন।

আগামী ১৪ ফেব্রয়ারি প্রতিমা বিসর্জনের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্ত হবে বলে জানা যায়।

অর্থনৈতিক উন্নয়নের স্বপ্ন দেখাচ্ছে “স্বাধীনতা সড়ক”

এম এফ রুপক
স্বাধীনতার সূতিকাগার মেহেরপুরের মুজিবনগর (তৎকালীন বৈদ্যনাথতলা) থেকে ভারতের নদীয়া পর্যন্ত ঐতিহাসিক সেই সড়ক। যে সড়ক ধরে ১৯৭১ সালের ১৭ এপ্রিল জাতীয় চার নেতা মুজিবনগরের আম্রকাননে এসে শপথ নিয়েছিলেন বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন প্রথম সরকারের। জাতীয় চার নেতার সাথে এই সড়ক ধরে এসেছিলেন অসংখ্যা বিদেশি সংবাদকর্মী ও মুক্তিযোদ্ধা।

স্বাধীনতার দির্ঘ সময় পরে হলেও মুজিবনগর-কলকাতা “স্বাধীনতা সড়ক” নির্মাণ করছে স্থানীয় সরকার মন্ত্রণালয়। এক কোটি চার লাখ টাকা ব্যয়ে ইতিমধ্যে শুরু হয়েছে নির্মাণ কাজ। ২৬ মার্চ উদ্বোধনের লক্ষ্যে বেশ দ্রুত গতিতেই এগিয়ে যাচ্ছে সড়ক নির্মাণ কাজ। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্বোধন করার কথা রয়েছে বাংলাদেশ ও ভারত দুই দেশের প্রধানমন্ত্রীর।

চলতি মাসের শেষের দিকে অথবা মার্চের প্রথম দিকে রাস্তা নির্মাণের কাজ শেষ হবে বলে আশা করছেন ঠিকাদার শাহাবাজ উদ্দিন। ২৬ মার্চ উদ্বোধনের লক্ষ্য নিয়ে বাংলাদেশের অংশে খুব দ্রুত গতিতেই কাজ চলছে।

মুজিবনগর থেকে ভারতের নদীয়ার কৃষ্ণনগর সড়কের প্রায় ৫শ মিটার ইটের হিয়ারিং বণ্ড রয়েছে বাংলাদেশ অংশে। এই ৫শ মিটার সড়ক পাকাকরণের কাজ করা হচ্ছে। এছাড়াও মুজিবনগর ইমিগ্রেশন ও কাস্টম চেকপোষ্ট স্থাপনের কাজও চলমান। এই সড়ক বাস্তবায়িত হলে একদিকে যেমন দু- দেশের সম্পর্ক আরও মজবুত হবে তেমনি মেহেরপুরবাসীর জন্য উন্মেচিত হবে অর্থনীতির নতুন দিগন্ত। বিশেষ করে মুজিবনগর সীমান্ত এলাকার মানুষের জন্য খুলবে অর্থনৈতিক উন্নয়নের নতুন দুয়ার।

সীমান্ত এলাকা হওয়ায় অর্থনৈতিকভাবে পিছিয়ে আছে এই এলাকার মানুষ। কৃষিনির্ভর এই এলাকার অর্থনীতির মুল উৎস হলো কৃষি। শিক্ষিত বেকারের সংখ্যাও কম না। তাই স্বাধীনতা সড়ক কে ঘিরে একগুচ্ছ কর্মসংস্থানের সপ্ন দেখছেন এই এলাকার বেকাররা। এটিকে ঘিরেই নতুন দিনের সম্ভাবনা দেখছেন মেহেরপুরের মানুষরা।

স্বাধীনতা সড়কের পাশেই বাড়ি ৬৫ বছরের বৃদ্ধ ছাবদার আলীর। জাতীয় চার নেতার আগমনের সাক্ষী তিনি। ছাবদার বলেন, আমরা কখনো ভাবিনি এখান দিয়ে সড়ক হবে। এখন সেটি হচ্ছে দেখে খুবই ভাল লাগছে। নতুন ইতিহাস হচ্ছি।

মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রাজ্জাক, স্থানীয় সেচ্ছাসেবক লীগ নেতা সাইদুর রহমান, রিপন আলীসহ বেশ কয়েকজন বলেন, এই স্বাধীনতা সড়ক বাস্তবায়িত হলে এলাকার ব্যাপক উন্নয়ন হবে। স্বাধীনতার দীর্ঘ সময় পরে হলেও উন্নয়নের আলো জ¦লতে যাচ্ছে আমাদের এলাকায়। এই সড়ক কে ঘিরে ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে আশা করছেন তারা।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, সড়ক টি বাস্তবায়িত হলে সেবা খাতের উন্নতি ঘটবে। নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে। শুধু মাত্র এলাকার মানুষের কৃষি খাতের উপর যে নির্ভরতা সেটাতো কমবেই সেই সাথে বহুমুখি অর্থনীতির রুপান্তর ঘটবে।

(প্রতিবেদনটি তৈরিতে সহযোগীতা করেছেন নিজস্ব প্রতিনিধি ফয়সাল আহমেদ ও মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা)।